

তারিখ: 09/06/2017

সভরেন গোল্ড বন্ড- ডিম্যাটেরিয়ালাইজেশন

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ভারত সরকারের সাথে আলোচনার পর, সভরেন গোল্ড বন্ড এখনও পর্যন্ত আর্টটি দফায় জারি করেছে যার সর্বমোট মূল্য ₹ 5400 কোটি। এইসকল বন্ডের লগ্নিকারীগণদের বন্ডগুলিকে বাস্তবিক (ফিজিকাল) রূপে রাখার অথবা ডিম্যাটেরিয়ালাইজড ব্যবস্থায় রাখার জন্য সুযোগ দেওয়া হয়েছিল।

বেশীরভাগ ক্ষেত্রেই ডিম্যাটেরিয়ালাইজেশনের জন্য প্রাপ্ত অনুরোধগুলির উপর পরবর্তী প্রক্রিয়া সফলভাবে সম্পাদিত হয়েছে। যদিও বিভিন্ন কারণবশতঃ যেমন নাম-প্যান ন্যাম্বারে গরমিল, নিষ্ক্রিয় অথবা বন্ধ ডিম্যাট অ্যাকাউন্ট, এর পাশাপাশি অন্যান্য কারণের জন্য খতিয়ানের একটি গুচ্ছের(সেট) উপর প্রক্রিয়া সম্পাদন সম্ভব হয়নি। [এরকম অসফল ডিম্যাট অনুরোধের একটি তালিকা](#) এখন <https://sovereigngoldbonds.rbi.org.in> -তে প্রদর্শিত হয়েছে। উক্ত স্থানে দফা অনুযায়ী তথ্য রক্ষিত আছে এবং যার মধ্যে অন্তর্ভুক্ত আছে গ্রহণকারী কার্যালয়ের নাম, লগ্নিকারীর পরিচয়জ্ঞাপক চিহ্নসমূহ এবং বন্ডের ডিম্যাটেরিয়ালাইজেশন না হওয়ার কারণ। লগ্নিকারীগণ তাঁদের লগ্নিকারীর পরিচয় চিহ্ন এই তালিকায় আছে কিনা সেব্যাপারে নিশ্চিত হতে এই ডেটা নিজ নাগালে আনতে পারেনা সকল গ্রহণকারী কার্যালয়গুলিকেও তাদের গ্রাহকগণের জন্য এই তথ্য নাগালের মধ্যে আনতে হবে এবং তাদের পরিষেবা গ্রাহকদের সাথে আলোচনা করে যথাযথ সংশোধন করতে হবে। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের ই-কুবের প্রয়োগ ব্যবস্থার 'পরিমার্জন-জানলা' এই উদ্দেশ্যে খোলা রাখা হয়েছে।

এর সাথে যোগ করা হচ্ছে যে মূলতুবি স্থিতি থাকা সত্ত্বেও সভরেন গোল্ড বন্ড ধারাবাহিকভাবে আরবিআই-এর খাতায় থাকবে এবং নিয়মিতভাবে সংশিষ্ট পরিষেবা প্রদান করা হবে।

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা

প্রেস প্রকাশনি : 2016-2017/3326